

বিদ্যুৎ বিভাগের সংস্থা/কোম্পানীসমূহের আইসিটি কার্যক্রম অগ্রগতি বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	: ড. আহমদ কায়কাউস, অতিরিক্ত সচিব, বিদ্যুৎ বিভাগ।
স্থান	: বিদ্যুৎ বিভাগের সম্মেলন কক্ষ।
সময়	: সকাল ১০:০০ ঘটিকা।
তারিখ	: ৩০ ডিসেম্বর ২০১৪।
উপস্থিতির তালিকা	: পরিশিষ্ট-ক।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। পরিচিতি পর্ব শেষে সভাপতির অনুরোধে মহাপরিচালক, পাওয়ার সেল বিদ্যুৎ খাতে তথ্য প্রযুক্তির ব্যবহার ও এ খাতে আইসিটি কার্যক্রমের অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি উল্লেখ করেন যে, সরকারের 'রূপকল্প-ডিজিটাল বাংলাদেশ' বাস্তবায়নে বিগত ছয় বছরে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির সাথে সাথে তথ্য প্রযুক্তি নির্ভর নানাবিধ কর্মসূচি গ্রহণ করেছে। বিদ্যুৎ বিভাগ গ্রাহক সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়া, প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি করা এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধির মাধ্যমে সু-শাসন প্রতিষ্ঠা করার উদ্দেশ্যকে অগ্রাধিকার দিয়ে তথ্য প্রযুক্তিকে ব্যবহার করেছে। গ্রাহক সেবার মান বৃদ্ধির লক্ষ্যে ইতোমধ্যে মোবাইল ফোন এবং ইন্টারনেট/অন-লাইনের মাধ্যমে বিদ্যুৎ বিল পরিশোধ, ইন্টারনেটের মাধ্যমে বিদ্যুৎ সংযোগের আবেদন, অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থাপনা পদ্ধতি প্রবর্তন, অন-লাইন নিয়োগ ব্যবস্থাপনা পদ্ধতি, মোবাইলের মাধ্যমে মিটার রিডিং পদ্ধতি ইত্যাদি প্রবর্তন করা হয়েছে। প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে অন-লাইন প্রকল্প পরিবীক্ষণ ব্যবস্থাপনা, ভিডিও কনফারেন্স পদ্ধতি, ই-ফাইলিং ব্যবস্থাপনা, পারসোনেল ও ফিন্যান্সিয়াল ব্যবস্থাপনা, ইত্যাদি পদ্ধতির উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন করা হচ্ছে। এছাড়াও সু-শাসন প্রতিষ্ঠার লক্ষ্যে স্টোর ব্যবস্থাপনা, অটোমেটেড রিমোট মিটার পদ্ধতি, স্মার্ট প্রি-পেইড মিটার পদ্ধতি, ই-টেভারিং ব্যবস্থাপনা, কী পারফরমেন্স ইন্ডিকেটর প্রবর্তন করা হয়েছে। সংস্থাসমূহে বিলিং, একাউন্টিং, পে-রোল, এমআইএস এবং স্ক্যাডা সিস্টেম প্রবর্তন করা হয়েছে। বিদ্যুৎ খাতের জন্য ইউনিফর্ম অডিট সফটওয়্যার বাস্তবায়ন করা হচ্ছে।

২। মহাপরিচালক, পাওয়ার সেল আরও উল্লেখ করেন যে, বিদ্যুৎ খাতের সংস্থা/কোম্পানীসমূহের ওয়েব সাইটসমূহ তথ্যবহুল এবং আধুনিকায়ন করা হয়েছে। দাণ্ডরিক যোগাযোগের ক্ষেত্রে ই-মেইল/ই-যোগাযোগকে প্রাধান্য দেয়া হচ্ছে। ERP/EAM সফটওয়্যার বাস্তবায়ন, অফিস অটোমেশন এবং ই-নথি ব্যবস্থাপনাসহ নানাবিধ উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন করা হচ্ছে। বিগত ছয় বছরে বিদ্যুৎ ব্যবস্থায় যে অভূতপূর্ব উন্নয়ন সাধিত হয়েছে তার পিছনে আইসিটির প্রত্যক্ষ ও পরোক্ষ ভূমিকা রয়েছে। একই পরিমাণ জনবলের মাধ্যমে আইসিটিকে ব্যবহার করার মাধ্যমে দক্ষতা ও জবাবদিহিতা বৃদ্ধি পেয়েছে যা দ্রুত প্রকল্প বাস্তবায়নে সহায়ক ভূমিকা পালন করেছে। বিদ্যুৎ বিভাগ সফটওয়্যার বাস্তবায়নের ক্ষেত্রে ওয়েবভিত্তিক ইউনিকোড বাংলা, ওপেন সোর্স সফটওয়্যার ব্যবহার বৃদ্ধি, আইসিটি সেল শক্তিশালীকরণ, একই সফটওয়্যার কাষ্টমাইজেশনপূর্বক বিভিন্ন ইউটিলিটিতে ব্যবহার, রিসোর্স এর সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার অভিন্ন লক্ষ্যে কাজ করে যাচ্ছে। উল্লেখিত উদ্যোগ সমূহ বাস্তবায়িত হলে বিদ্যুৎ খাতের অফিস সমূহ অচিরেই Paper Less (or Less Paper) অফিসে রূপান্তরিত হবে। এছাড়াও সভায় উপস্থিত প্রতিনিধিগণ তাদের স্ব স্ব সংস্থা/কোম্পানীর আইসিটি কার্যক্রম সংক্রান্ত বিস্তারিত তুলে ধরেন।

৩। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

ক্র.ন.	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
১।	অনলাইনে বিদ্যুৎ সংযোগের আবেদন	বিদ্যুৎ বিভাগের আইসিটি সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে ডেসকো কর্তৃক সফটওয়্যারটি ২৩/০২/২০১২ ইং হতে বাস্তবায়ন করা হয়। পরবর্তীতে অন্যান্য বিতরণ সংস্থা একই সফটওয়্যার প্রয়োজনীয় কাষ্টমাইজেশন পূর্বক বাস্তবায়ন করেছে। • ওজোপাড়িকো শুধুমাত্র খুলনা এলাকায় বাস্তবায়ন করেছে। • বাপবিবো আবেদন প্রক্রিয়াকরণ অটোমেশনের করার কাজ চলমান রয়েছে।	• ওজোপাড়িকো জুন ২০১৫ তারিখের মধ্যে তার সমস্ত এলাকায় সফটওয়্যারটি বাস্তবায়ন করবে। • বাপবিবো সহ সকল সংস্থা অফিস অটোমেশন দ্রুত করবে। • আগামী ১ জুলাই ২০১৫ হতে একটি ডেসবোর্ড এর

ক্র.ন.	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
			মাধ্যমে সংস্থা ওয়ারী নতুন সংযোগ আবেদনের বিস্তারিতভাবে দেখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
২।	মোবাইলের মাধ্যমে বিদ্যুৎ বিল প্রদান	সকল বিতরণ সংস্থা এলাকা ভিত্তিক বিভিন্ন মোবাইল অপারেটরের মাধ্যমে বিদ্যুৎ বিল প্রদান পদ্ধতি প্রবর্তন করেছে। সারাদেশে প্রতিমাসে প্রায় ১০% গ্রাহক এই পদ্ধতিতে বিল প্রদান করে থাকে। বিউবো এলাকায় প্রতিমাসে গড়ে প্রায় ৬,৮০,০০০ (২৩%) গ্রাহক, ডিপিডিসি এলাকায় প্রতিমাসে গড়ে ৭১,০০০ (৮%) গ্রাহক, ডেসকো এলাকায় প্রতিমাসে গড়ে ৫০,৭০০ (৮%) গ্রাহক, ওজোপাড়িকোর প্রতি মাসে গড়ে ১,৩৫,০০০ (১৭%) গ্রাহক এই পদ্ধতিতে বিল প্রদান করে থাকে। ক্রমান্বয়ে এই সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। উল্লেখ্য শহর থেকে গ্রামে এ পদ্ধতিতে বিল প্রদান পদ্ধতি অধিক জনপ্রিয়।	<ul style="list-style-type: none"> <li>সকল বিতরণকারী সংস্থাসমূহ মোবাইলের মাধ্যমে বিদ্যুৎ বিল পরিশোধের ব্যবস্থাকে আরো আধুনিকায়ন, সহজীকরণ এবং সকল মোবাইল অপারেটরের ক্ষেত্রে প্রযোজ্য করার উদ্যোগ গ্রহণ করবে।</li> <li>ওজোপাড়িকো মোবাইলের মাধ্যমে বিদ্যুৎ বিল পরিশোধের ব্যবস্থাকে আরো আধুনিকায়ন করেছে। আগামী সভায় উক্ত বিষয়ে একটি প্রতিবেদন/উপস্থাপনা করবে।</li> </ul>
	অনলাইনের মাধ্যমে বিদ্যুৎ বিল পরিশোধ	ডিপিডিসি ও ডেসকো ইতোমধ্যে এ কার্যক্রম বাস্তবায়ন করেছে। ডিপিডিসি এলাকায় গ্রাহকগন স্ট্যান্ডার্ড চার্টার্ড, এইচএসবিসি, সাউথ ইস্ট, ওয়ান ব্যাংক ও ইন্টারনেট এর মাধ্যমে বিদ্যুৎ বিল পরিশোধ করতে পারেন, এছাড়াও ব্র্যাক ব্যাংকের বুথ এর মাধ্যমেও বিদ্যুৎ বিল পরিশোধ করা যায়।  ডেসকো এলাকায় প্রতিমাসে গড়ে ১,০৬,০০০ (১৬%) গ্রাহক গ্রাহক এই পদ্ধতিতে বিল প্রদান করে থাকে। বিউবো, বাপবিবো ও ওজোপাড়িকো এ বিষয়ে কার্যকর উদ্যোগ গ্রহণ করছে।  ডেসকো এলাকায় আগামী ৩ মাসের মধ্যে আরো ১০টি ব্যাংকের সাথে এই ব্যবস্থা চালু করা হবে এবং এর ফলে অতিরিক্ত ১,২৫,০০০ গ্রাহক অনলাইন পরিশোধ পদ্ধতির আওতায় আসবে।	বিতরণ সংস্থাসমূহ অবিলম্বে অনলাইনে বিদ্যুৎ বিল পরিশোধে কার্যকর উদ্যোগ গ্রহণ করবে। আগামী সভায় বিতরণ সংস্থাসমূহ সর্বশেষ অগ্রগতি উপস্থাপন করবে।
৩।	ভিডিও কনফারেন্স	বিদ্যুৎ বিভাগ, বিউবোর হেড কোয়ার্টার ও ৬টি বিতরণ জোন ও ঘোড়াশাল বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র, ওজোপাড়িকো, নওপাজেকো, ডিপিডিসি, ইজিসিবি, ডেসকো, এপিএসসিএল, পিজিসিবি এর সাথে ভিডিও কনফারেন্স সিস্টেম প্রতিষ্ঠা করা হয়েছে। এতে করে দেশে-বিদেশে ভিডিও কনফারেন্স করা যাচ্ছে।  বিউবো ও নওপাজেকোর সকল বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে ভিডিও কনফারেন্স সিস্টেম সংযোগ প্রদান প্রক্রিয়াধীন আছে।	<ul style="list-style-type: none"> <li>সংস্থা/এলাকা ভিত্তিক গনশুনানির ক্ষেত্রে সংস্থার সদর দপ্তর/বিদ্যুৎ বিভাগ ভিডিও কনফারেন্স এর মাধ্যমে সংযুক্ত হতে পারে।</li> <li>সকল সংস্থা ভিডিও কনফারেন্স পদ্ধতিটি নিয়মিত ব্যবহার করতঃ ই-অফিস কার্যকর করবে।</li> </ul>
৫।	অডিট সফটওয়্যার	পাওয়ার সেলের মাধ্যমে সফটওয়্যারটি ডেভেলপ করা হয়েছে। ৭ই জানুয়ারি উক্ত বিষয়ে টিওটি প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে।	সংস্থাওয়ারী প্রশিক্ষণ অতিদ্রুত সম্পন্ন করতে হবে। বিউবো, বাপবিবো, পিজিসিবি আগামী জুন ২০১৫ এর মধ্যে বাকী সংস্থাসমূহ মার্চ ২০১৫ এর

ক্র.ন.	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
			মধ্যে পরিপূর্ণভাবে চালু করবে। সফটওয়্যারটি আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করে অতিদ্রুত চালু করতে হবে।
৬।	প্রি-পেইড মিটার	বিউবার ৪৯,৩৩৫টি সিঙ্গেল ফেজ এবং ১,৯০৬টি থ্রী ফেজ পি-পেমেন্ট মিটার স্থাপন করা হয়েছে। ডিপিডিসি আজিমপুরে ৫ হাজার মিটার স্থাপন করেছে। আরো ৫ হাজার মিটার শিপ্রই স্থাপন করা হবে। ডেসকোর উত্তরা এলাকায় ১৮,০৮১ টি স্থাপন করা হয়েছে। ওজোপাড়িকো ৫০০০ মিটার স্থাপনের কাজ শুরু হয়েছে। এছাড়া আরও ৩১০০০ হাজার মিটার একনেকে পাশ হয়েছে।	<ul style="list-style-type: none"> <li>ক্রমাঙ্কে এই সংখ্যা বৃদ্ধি করতে হবে।</li> <li>যেহেতু অন্য সভায়ও প্রি-পেইড মিটার অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়, তাই আইসিটি সভার এজেন্ডা হতে প্রি-পেইড মিটার বাদ দেওয়া যেতে পারে।</li> <li>তবে প্রয়োজনে প্রি-পেইড মিটার এর হার্ডওয়্যার ও সফটওয়্যার বিষয়ে আলোচনা হতে পারে।</li> </ul>
৭।	অটোমেটেড মিটার রিডিং সিস্টেম	বিউবো প্রায় ১৫০০ এএমআর মিটার সাব-স্টেশন ও এইচটি গ্রাহকের আঙ্গিনায় স্থাপন করা হয়েছে। ডিপিডিসি ক্রয়কৃত ১৩০০ এএমআর মিটারের মধ্যে ইতিমধ্যে ৬৫০টি স্থাপন করা হয়েছে। ডেসকোর এলাকায় ৪৫০টি এএমআর মিটার স্থাপন করা হয়েছে। উক্ত মিটারগুলি কেন্দ্রীয়ভাবে মনিটরিং, ডাটা স্টোরেজ ও বিলিং এর জন্য সংরক্ষণ করা হবে।	বিউবো, ডিপিডিসি ও ডেসকো আগামী সভায় এ বিষয়ে একটি প্রতিবেদন উপস্থাপন করবে। ক্রমাঙ্কে এই সংখ্যা বৃদ্ধি করতে হবে।
৮।	আইপি সার্ভিল্যান্স সিস্টেম	ঘোড়াশাল বিদ্যুৎ কেন্দ্র সহ ওয়াপদা ভবন এবং বিদ্যুৎ ভবনে আইপি সার্ভিল্যান্স সিস্টেম স্থাপন করা হয়েছে। ডেসকোর সেন্ট্রাল সার্ভার রুমে আইপি সার্ভিল্যান্স ও ওজোপাড়িকোর সদর দপ্তরে স্থাপন করা হয়েছে। এ ছাড়াও বিউবোর ৪টি কেন্দ্রীয় স্টোরে আইপি সার্ভিল্যান্স সিস্টেম স্থাপনের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। এপিএসসিএল-এর বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে ইতিপূর্বে সিসি ক্যামেরা স্থাপিত হয়েছে। বর্তমানে চলমান প্রকল্প এলাকা সমূহে IP ক্যামেরা স্থাপনের কাজ চলছে। পিজিসিবি প্রধান কার্যালয়, এনএলডিসি ভবনসহ ৫০% সাব-স্টেশনে আইপি সার্ভিল্যান্স সিস্টেম স্থাপন করা হয়েছে। আরপিসিএল এর সদর দপ্তর হতে ময়মনসিংহ ও রাউজানবিদ্যুৎ কেন্দ্রের DVR এর Surveillance সিস্টেম স্থাপন করা হয়েছে। গাজীপুর বিদ্যুৎ কেন্দ্রে Connectivity স্থাপন চলমান রয়েছে। নওপাজেকোর সিরাজগঞ্জ ও খুলনা বিদ্যুৎ কেন্দ্রে বাস্তবায়ন করা হয়েছে। সদর দপ্তরে স্থাপন করা হয়েছে।	<ul style="list-style-type: none"> <li>আগামী ৩ মাসের মধ্যে বিদ্যুৎ কেন্দ্রসমূহে এবং ২য় পর্যায়ে সাব-স্টেশন সমূহে এ কার্যক্রম বাস্তবায়িত হবে।</li> <li>পিজিসিবি আগামী ০৬ মাসের মধ্যে সকল সাব-স্টেশন সমূহে এ কার্যক্রম বাস্তবায়িত হবে এবং কেন্দ্রীয়ভাবে মনিটরিং এর ব্যবস্থা গ্রহন করা হবে।</li> <li>কেপিআই স্থাপনাসমূহের নিরাপত্তা বিধানকল্পে সিসিটিভি/আইপি সার্ভিল্যান্স সিস্টেম স্থাপন করতে হবে এবং নিয়মিত মনিটর করতে হবে। এ বিষয়ে সংস্থাওয়ারী একটি পরিকল্পনা প্রণয়নপূর্বক আগামী ৩১ জানুয়ারি ২০১৫ তারিখের মধ্যে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করতে হবে।</li> </ul>

ক্র.ন.	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
৯।	ইউনিফাইড কাষ্টমার কমপ্লেইন হ্যান্ডলিং সফটওয়্যার	বিতরণ সংস্থাসমূহের জন্য একটি ইউনিফাইড কাষ্টমার হ্যান্ডলিং সফটওয়্যার তৈরীর লক্ষ্যে বিদ্যুৎ বিভাগের সিদ্ধান্তের আলোকে ডিপিডিসি কর্তৃক দরপত্র আহবান করে।  ডিপিডিসি কর্তৃক EOI আহবান করা হয় ও EOI মূল্যায়ন শেষে Short listed করা হয়। বর্তমানে আরএফপি ডকুমেন্ট চূড়ান্ত করা হচ্ছে।  উক্ত সফটওয়্যার বাস্তবায়ন অতি দ্রুত করা উচিত। বারবার তাগাদা দেয়া সত্ত্বেও সফটওয়্যারটি বাস্তবায়নে ধীরগতি পরিলক্ষিত হচ্ছে।	ডিপিডিসি সফটওয়্যার বাস্তবায়ন অতিদ্রুত পদক্ষেপ গ্রহণপূর্বক আগামী ২০ জানুয়ারি ২০১৫ তারিখের মধ্যে বিদ্যুৎ বিভাগকে অবহিত করবে।
১০।	ই-ফাইলিং	ই-ফাইলিং সফটওয়্যার বাস্তবায়নের নিমিত্তে পরিকল্পনা কমিশন কর্তৃক প্রস্তুতকৃত সফটওয়্যারটি পাওয়ার সেলের মাধ্যমে প্রয়োজনীয় কাষ্টমাইজেশন পূর্বক পরীক্ষামূলকভাবে চালু করা হয়। কিন্তু এটুআই প্রকল্পের অধীনে সরকারের সকল মন্ত্রণালয়/বিভাগের জন্য যেহেতু একক সফটওয়্যার তৈরী করা হয়েছে তাই উক্ত সফটওয়্যার বিদ্যুৎ বিভাগে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ইতিমধ্যে পরীক্ষা মূলক ভাবে সফটওয়্যার টি চালু করা হয়েছে।	<ul style="list-style-type: none"> <li>• বিদ্যুৎ বিভাগে অতি দ্রুত সফটওয়্যারটি বাস্তবায়ন করতে হবে।</li> <li>• পরবর্তীতে বিদ্যুৎ খাতের অন্যান্য সংস্থায়ও সফটওয়্যারটি বাস্তবায়ন করা হবে।</li> <li>• বিদ্যুৎ বিভাগের প্রোগ্রামার আগামী ২৫ জানুয়ারি ২০১৫ তারিখের মধ্যে একটি পরিকল্পনা প্রনয়ন করবে।</li> <li>• সফটওয়্যারটি বাস্তবায়নে বিদ্যুৎ ভবনস্থ অংশে আইসিটি কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ এবং সচিবালয়স্থ অংশে সহকারি প্রোগ্রামার, বিদ্যুৎ বিভাগ মূল দায়িত্ব পালন করবে। প্রোগ্রামার বিষয়টি সমন্বয় করবে।</li> </ul>
১১।	ই-টেভারিং	সিপিটিউ কর্তৃক পাইলট বেসিসে সরকারের চারটি মন্ত্রণালয়/দপ্তর/সংস্থায় ই-টেভারিং প্রক্রিয়া শুরু করা হয়েছে। তন্মধ্যে বিদ্যুৎ খাতের বাপবিবো রয়েছে।  বিদ্যুৎ খাতের অন্যান্য সংস্থাকে ও অগ্রাধিকার ভিত্তিতে CPTU এর আওতায় সফটওয়্যারটি বাস্তবায়নের নিমিত্তে CPTU কে অনুরোধ জানানো হয়। CPTU এর সীমাবদ্ধতা এবং বিদ্যুৎ খাতের প্রয়োজনীয়তা উপলব্ধি করে PSCDP প্রকল্পের আওতায় প্রায় ২০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়। তারই আলোকে বাপবিবো ৬টি দরপত্র সফলভাবে সমাপ্ত করেছে। আরো ২১টি চলমান আছে। বিউবো মোট ২৩৬টি দরপত্র আহবান করেছে, আরও ১৫৬টি প্রক্রিয়াধীন আছে এবং ৭৩ টি দরপত্রের কাজ সমাপ্ত হয়েছে। পিজিসিবি ১৫টি দপ্তরে এ কার্যক্রম শুরু করেছে। এই অর্থ বছরে প্রায় ২৫০টি লোকাল টেভার ই-টেভারিং প্রক্রিয়ায় করা হয়েছে।  CPTU এর ই-টেভারিং প্রক্রিয়ায় ডিপিডিসি ও	অবিলম্বে সকল সংস্থা/দপ্তর/কোম্পানীসমূহে বাস্তবায়ন করতে হবে এবং তার পরিকল্পনা প্রণয়নপূর্বক বিদ্যুৎ বিভাগকে অবহিত করতে হবে।

ক্র.ন.	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
		<p>ডেসকো যথাক্রমে ১টি করে দরপত্র আহ্বান করেছে।</p> <p>বিউবোতে ২০১৪-২০১৫ অর্থ বছরে ৫ লক্ষ টাকার উর্ধ্বে অনুমোদিত এপিপি ভুক্ত সকল কাজ e-GP এর মাধ্যমে দরপত্র আহ্বান করা হচ্ছে।</p> <p>আরপিসিএল উদ্যোগ গ্রহণ করেছে।</p>	
১২।	স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যার	<p>আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ এ সফটওয়্যারটি বাস্তবায়ন করা হয়েছে। একই সফটওয়্যার বিউবো'র ঘোড়াশাল ও বড়পুকুরিয়া বিদ্যুৎ কেন্দ্রে এবং ৪ টি কেন্দ্রীয় স্টোরে স্থাপন করা হয়েছে।</p> <p>বর্তমানে ওজোপাড়িকোর কোন স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যার নেই।</p> <p>ডিপিডিসি'র টঙ্গীতে অবস্থিত সিএসডিতে স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যার স্থাপন করা হয়েছে।</p> <p>ডেসকোর স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যার বাস্তবায়নের জন্য আহ্বান করা হয়েছে।</p> <p>আরপিসিএল এর ময়মনসিংহ বিদ্যুৎ কেন্দ্রে স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যার ব্যবহার করা হচ্ছে। গাজীপুর ও রাউজান বিদ্যুৎ কেন্দ্রে স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যার বাস্তবায়নের কাজ চলছে।</p> <p>নওপাজেকোর সিরাজগঞ্জ ও খুলনা বিদ্যুৎ কেন্দ্রে বাস্তবায়ন করা হয়েছে।</p> <p>অন্যান্য সংস্থাসমূহ স্ব স্ব স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যার ব্যবহার করেন। সংস্থা সমূহের স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যার তৈরীর লক্ষ্যে ইউনিফাইড কোডিং করা প্রয়োজন। এ বিষয়ে পূর্বে একটি কমিটি গঠন করা হলেও বাস্তবে কোন অগ্রগতি সাধিত হয়নি। এ বিষয়ে নতুনভাবে একটি কমিটি গঠন করা যেতে পারে যারা আগামী এক মাসের মধ্যে একটি প্রতিবেদন দাখিল করবে।</p>	<p>উৎপাদন, সঞ্চালন এবং বিতরণ খাতের জন্য আইটেমওয়ারী একটি ইউনিফাইড কোড প্রণয়নের নিমিত্তে একটি কমিটি আগামী ২০ জানুয়ারি ২০১৫ তারিখের মধ্যে গঠন করতে হবে। উক্ত কমিটি তিন মাসের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন।</p>
১৩।	মোবাইলের মাধ্যমে মিটার রিডিং	<p>বিউবোর ময়মনসিংহ অঞ্চলে ইতোমধ্যে পরীক্ষামূলকভাবে এই পদ্ধতি প্রবর্তন করা হয়েছে।</p> <p>ডিপিডিসির খিলগাও এলাকায় ৪ হাজার গ্রাহকের জন্য মোবাইলের মাধ্যমে মিটার রিডিং পদ্ধতি পাইলট ভিত্তিতে প্রবর্তন করা হয়েছে।</p> <p>ডেসকোর মোবাইলের মাধ্যমে মিটার রিডিং।</p>	<ul style="list-style-type: none"> <li>• স্থাপিত পদ্ধতির অভিজ্ঞতার ভিত্তিতে অন্যান্য এলাকায় এ পদ্ধতি প্রবর্তন করা যেতে পারে।</li> <li>• বিউবো ও ডিপিডিসি এ বিষয়ে একটি প্রতিবেদন ৩০ জানুয়ারি ২০১৫ তারিখের মধ্যে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে।</li> </ul>
১৪।	অফিস অটোমেশন ও ERP স্থাপন	<p>সংস্থাসমূহ স্ব স্ব অফিস অটোমেশনের কাজ দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করবে। ইজিসিবি ইতোমধ্যে হরিপুর ৪১২ মেঃওঃ বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে ERP সফটওয়্যার SAP এর স্টোর ম্যানেজমেন্ট MM মডিউল স্থাপন করেছে। এছাড়া ইজিসিবি কর্তৃক বাস্তবায়নাধীন পূর্ণাঙ্গ ERP দ্রুত স্থাপনের কাজ সম্পন্ন</p>	<ul style="list-style-type: none"> <li>• নওপাজেকোর অফিস অটোমেশন ও ERP স্থাপনের জন্য পরামর্শক প্রতিষ্ঠান কাজ করছে। সংস্থাসমূহ সভায় সর্বশেষ অগ্রগতি অবহিত করবে।</li> </ul>

ক্র.ন.	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
		করবে। বিউবো ERP স্থাপনে উদ্যোগী হবে। এ কাজে বিউবোর'র ডাটা সেন্টারটি ব্যবহার করা হবে। অন্যান্য ইউটিলিটি এ সফটওয়্যারটি ব্যবহারের জন্য বিউবো এর সহযোগিতা গ্রহণ করবে।	● সংস্থাসমূহ আগামী ৩১ জানুয়ারি ২০১৫ তারিখের মধ্যে অফিস অটোমেশন ও কানেক্টিভিটি উন্নত করার পরিকল্পনা প্রণয়নপূর্বক বিদ্যুৎ বিভাগকে অবহিত করবে।
১৫।	ওয়েব পেইজ	বিদ্যুৎ বিভাগ এবং অধিনস্থ সংস্থা সমূহের নিজস্ব ওয়েব পেইজ তৈরী করা হয়েছে এবং তা সময় সময় বিশেষ করে দরপত্র, পলিসি, বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণ সংক্রান্ত তথ্য হালনাগাদ করা হয়ে থাকে।	বিদ্যুৎ খাতের সংস্থা/কোম্পানীসমূহ নিয়মিত তথ্যাদি বিশেষ করে সরকারের অর্জনসমূহ এবং গ্রাহক সেবার মানোন্নয়ন কার্যক্রম হালনাগাদ করতে হবে। সংস্থাসমূহ সরকারের নির্দেশনা অনুযায়ী তথ্য বাতায়নযুক্ত হবে এক ওয়েব সাইটের বাংলা ভার্সন তৈরি করবে।
১৬।	অন্যান্য	সংস্থাসমূহে ব্যবহৃত অন্যান্য সফটওয়্যার যেমন- একাউন্টিং সফটওয়্যার এবং আইসিটি অগ্রগতি সম্পর্কিত প্রতিবেদন প্রদান করবে। ক) প্রশিক্ষণ, কেপিআই ও নিয়োগ ব্যবস্থাপনা সফটওয়্যার: ডিপিডিসি, ডেসকো ও নওপাজেকোতে চালু করা হয়েছে। অন্যান্য সংস্থাতে প্রক্রিয়াধীন রয়েছে। খ) পিএমআইএস, বিলিং, একাউন্টস সফটওয়্যার: সংস্থা ভিত্তিক বাস্তবায়ন করছে।	সংস্থাসমূহ বর্ণিত বিষয়ে বিস্তারিত প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপন করবে।
১৭।	আইসিটি সেল	বিদ্যুৎ খাতের বিভিন্ন সংস্থায় আইসিটি সেল রয়েছে।	আইসিটি কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নে স্ব স্ব সংস্থার আইসিটি সেল আরো শক্তিশালী করার লক্ষ্যে বাস্তব উদ্যোগ গ্রহণ করতঃ বিদ্যুৎ বিভাগকে ৩১ জানুয়ারি ২০১৫ এর মধ্যে অবহিত করবে।
১৮।	বিদ্যুৎ বিভাগের ইন্টারনেট সংযোগ	বর্তমানে পিজিসিবি কর্তৃক বাহিরের প্রতিষ্ঠানের মাধ্যমে বিদ্যুৎ বিভাগের ইন্টারনেট সংযোগ কার্যকর রয়েছে। মাঝে মাঝে অপটিক্যাল ফাইবার লাইন বিচ্ছতির কারণে ইন্টারনেট সংযোগটি ব্যাহত হয়। তাই বিটিসিএল হতে ২য় একটি লাইন সংযোগ দেওয়া হয়েছে।	পিজিসিবি ইন্টারনেট সংযোগ সচল রাখতে কার্যকর উদ্যোগ নিবে। এ বিষয়ে সহকারি প্রোগ্রামার ব্যবস্থা গ্রহণ করবে।
১৯।	প্রশিক্ষণ	পিএসসিডিপি প্রকল্পের আওতায় ইতোমধ্যে বিদ্যুৎ বিভাগ এবং বিদ্যুৎ খাতের সংস্থাসমূহের সর্বমোট ৩০০ জনকে আইসিটি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সংস্থাসমূহ স্ব উদ্যোগে আইসিটি সংক্রান্ত প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করছে।	● আইসিটি ক্ষেত্রে দক্ষ জনবল তৈরীর লক্ষ্যে সংস্থাসমূহ প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করবে। ● আইসিটিখাতে উন্নত প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।
২০।	আইসিটি বিষয়ক সভা অনুষ্ঠান	বিদ্যুৎ বিভাগের ইউটিলিটি সমূহকে নিয়ে বিদ্যুৎ বিভাগের নিয়মিত আইসিটি বিষয়ক সভা অনুষ্ঠিত হয়।	ইউটিলিটি সমূহ প্রতিমাসে স্ব স্ব উদ্যোগে আইসিটি বিষয়ক

ক্র.ন.	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
		তাছাড়া ইউটিলিটি সমূহ প্রতিমাসে স্ব স্ব উদ্যোগে আইসিটি বিষয়ক সভা করে।	সভা করবে।
২১।	চ্যালেঞ্জ	<ul style="list-style-type: none"> <li>• বিদ্যুৎ খাতের জন্য আইসিটি রোডম্যাপ প্রণয়ন।</li> <li>• ডাটা সেন্টার স্থাপন</li> <li>• আইসিটি সেল শক্তিশালীকরণ</li> </ul>	

সভাপতি সংস্থাসমূহের আইসিটি সেল শক্তিশালীকরণ এবং প্রয়োজনীয় আইসিটি অবকাঠামোগত উন্নয়নে সর্বশেষ গুরুত্ব প্রদান করার আহ্বান জানান।

৪। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

(ড. আহমদ কায়কাউস)  
অতিরিক্ত সচিব  
বিদ্যুৎ বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
বিদ্যুৎ বিভাগ  
পাওয়ার সেল  
বিদ্যুৎ ভবন (১০ তলা)  
১, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০  
(www.powercell.gov.bd)

নং-২৭.৭১.০০০০.০০২.০৭.০০২.১৩-

তারিখ: ১৪/০১/২০১৫।

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বৈদ্যুতিক পরিদর্শক, ২৪ তোপখানা রোড, সেগুনবাগিচা, ঢাকা।  
[দৃঃআঃ প্রকৌশলী মোঃ গোলাম সারোয়ার, বিদ্যুৎ পরিদর্শক, বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বৈদ্যুতিক পরিদর্শক দপ্তর]
- ২) চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।  
[দৃঃআঃ জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, সিনিয়র সিস্টেম এনালিস্ট, বিউবো।]
- ৩) চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।  
[দৃঃআঃ জনাব তপন কুমার গোলদার, সিস্টেম এনালিস্ট, বাপবিবো।]
- ৪) ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, বিদ্যুৎ ভবন, ঢাকা।  
[দৃঃআঃ জনাব মোঃ রবিউল হাসান, মহাব্যবস্থাপক, ডিপিডিসি।]
- ৫) ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিদ্যুৎ বিতরণ কোম্পানী লিঃ, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা।  
[দৃঃআঃ প্রকৌঃ শামীম আহসান চৌধুরী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডেসকো।]
- ৬) ব্যবস্থাপনা পরিচালক, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ, বয়রা, খুলনা।  
[দৃঃআঃ জনাব মোঃ মোশাররাফ হোসেন, উপ-ব্যবস্থাপক, ওজোপাডিকো।]
- ৭) ব্যবস্থাপনা পরিচালক, পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ, আইইবি ভবন, রমনা, ঢাকা।  
[দৃঃআঃ জনাব মোঃ সাহাদাৎ হোসেন, ব্যবস্থাপক, পিজিসিবি।]
- ৮) ব্যবস্থাপনা পরিচালক, আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ, আশুগঞ্জ, বি-বাড়িয়া।  
[দৃঃআঃ জনাব মুঃ আমানত মাওলা, এমআইএস ও আইসিটি, এপিএসসিএল।]
- ৯) ব্যবস্থাপনা পরিচালক, ইলেকট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ লিঃ, কাওরান বাজার, ঢাকা।  
[দৃঃআঃ জনাব মোহাম্মদ রাশেদুজ্জামান খান, নির্বাহী প্রকৌশলী, ইজিসিবি।]
- ১০) ব্যবস্থাপনা পরিচালক, রুরাল পাওয়ার কোম্পানী লিঃ, উত্তরা মডেল টাউন, ঢাকা।  
[দৃঃআঃ জনাব মোঃ তৌফিক ইসলাম, নির্বাহী প্রকৌশলী, আরপিসিএল।]


১১) ব্যবস্থাপনা পরিচালক, নর্থ ওয়েস্ট জোন পাওয়ার জেনারেশন কোম্পানী লিঃ, বিদ্যুৎ ভবন, ঢাকা।  
[দৃঃআঃ জনাব সাদেক মোহাম্মদ টিপু, ব্যবস্থাপক এমআইএস আইসিটি, নওপাজেকো]

১২) ব্যবস্থাপনা পরিচালক, কোল পাওয়ার জেনারেশন কোম্পানী বাংলাদেশ লিঃ, আরপিসিএল।  
[দৃঃআঃ জনাব মোঃ এনায়েত রাব্বানী চৌধুরী, ব্যবস্থাপক (এইচ আর এম), সিপিজিসিবিএল]

✓ ১৩) প্রোগ্রামার/ সহকারি প্রোগ্রামার, বিদ্যুৎ বিভাগ।

**অনুলিপি:**

- ১) যুগ্ম-সচিব (প্রশাসন), বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ ভবন, ঢাকা।



(মোঃ সাজিবুল হক)

উপ-পরিচালক (এমআইএস/আইটি এন্ড ই-গভঃ)  
পাওয়ার সেল